

💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১১১২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯. তাকবীর (তাহরীমা) বলার পর (নামায) শুরু করার দোয়া

بَابُ دُعَاءِ الْإسْتِفْتَاحِ بَعْدَ التَّكْبِيرِ

আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ ، حَدَّثَنَا سَلْمُ بْنُ قَادِمٍ الْبَغْدَادِيُّ ، ثَنَا أَبُو حَيْوَةَ ، ح : وَحَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ زِيَادِ الْقَطَّانُ ، ثَنَا عَبْدُ الْكَرِيمِ بْنُ الْهَيْثَمِ ، ثَنَا يَزِيدُ بْنُ عَبْدِ رَبِّهِ ، ثَنَا شُرَيْحُ بْنُ يَزِيدَ أَبُو حَيْوَةَ ، عَنْ شُعَيْبِ بْنِ أَبِي حَمْزَةَ ، عَنْ مُحَمَّدِ بْنِ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ : أَنَّ رَسُولَ اللَّهِ $_{}$ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ $_{}$ كَانَ بْنِ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ : أَنَّ رَسُولَ اللَّهِ $_{}$ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ $_{}$ كَانَ بْنِ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ : أَنَّ رَسُولَ اللَّهِ $_{}$ صَلَيْ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ $_{}$ كَانَ الْمُنْكَدِرِ ، عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ : أَنَّ رَسُولَ اللَّهِ $_{}$ وَمَعْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ، لَا الْمُنْكَدِرِ ، وَمَنْ فُقَتَحَ الصَّلَاةِ وَالْمُسْلِمِينَ ، اللَّهُمَّ اهْدِنِي لِأَحْسَنِ الْأَخْلَاقِ وَأَخْسَنِ الْأَخْلَاقِ وَأَنَا أَوْلُ الْمُسْلِمِينَ ، اللَّهُمَّ اهْدِنِي لِأَحْسَنِ الْأَخْلَاقِ وَأَحْسَنِ الْأَخْلَاقِ وَأَنَا أَوْلُ الْمُسْلِمِينَ ، اللَّهُمُّ اهْدِنِي لِأَحْسَنِ الْأَحْلَاقِ وَأَعْمَالٍ ، لَا يَقِي سَيِبِّهَا إِلَّا أَنْتَ ، وَقِنِي سَيِّعً الْأَخْلَاقِ وَالْأَعْمَالِ ، لَا يَقِي سَيِبِهَا إِلَّا الْمُسْلِمِينَ " وَاللَّفْظُ لِعَبْدِ الْكَرِيمِ

বাংলা

১১১২(৩). আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... জাবের ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম যখন নামায পড়া শুরু করতেন তখন বলতেনঃ "ইন্না সালাতী ওয়া নুসুকী ওয়া মাহয়াইয়া ওয়া মামাতী লিল্লাহি রব্বিল আলামীন, লা শারীকা লাহু ওয়াবিয়ালিকা উমিরতু ওয়া আনা আওয়ালুল মুসলিমীন। আল্লাহুম্মা ইহদিনী লিআহসানিল আখলাকি ওয়া আহসানিল আমলে লা ইয়াহূদী লি-আহসানিহা ইল্লা আনতা। ওয়াকিনী সায়্যিয়াল আখলাকি ওয়াল আমলি লা ইয়াকী সায়্যিআহা ইল্লা আনতা"। অর্থঃ "নিশ্চয়ই আমার নামায, আমার কোরবানী, আমার জীবন ও আমার মৃত্যু বিশ্বপ্রতিপালক আল্লাহর জন্য, যার কোন অংশীদার নেই। আমাকে এটারই নির্দেশ দেয়া হয়েছে এবং আমি প্রথম মুসলিম। হে আল্লাহ! আপনি আমাকে উত্তম চরিত্র ও উত্তম কাজের পথনির্দেশ দান করুন। আপনি ব্যতীত অন্য কেউ উত্তম কাজের পথ দিতে পারে না। আপনি আমাকে কদর্য চরিত্র ও কদর্য কাজ থেকে হেফাজত করুন। আপনি ব্যতীত অন্য কেউ কদর্য কাজ ও কদর্য চরিত্র থেকে হেফাজত করতে পারে না"।



শুআইব (রহঃ) বলেন, মুহাম্মাদ ইবনুল মুনকাদির (রহঃ) প্রমুখ মদীনার ফকীহগণ আমাকে বলেছেন, যদি তুমি এই কথাগুলো বলো তবে আরো বলো, "ওয়া মিনাল মুসলিমীন" (আমি মুসলিমদের অন্তর্ভুক্ত)। মূল পাঠ আবদুল করীম (রহঃ)-এর।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন